

সংশোধিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd



নম্বর: ৮০.০০.০০০০.৪০১.৩৬.০২৮.২১.১৯৯

তারিখ: ২৮ শ্রাবণ ১৪২৮
১২ আগস্ট ২০২১

অফিস আদেশ

স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মর্যাদায় এবং ভাবগম্ভীর পরিবেশে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক জাতীয় শোক দিবস পালনের লক্ষ্যে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় কর্তৃক নিম্নোক্ত অনুষ্ঠানমালার আয়োজন করা হয়েছে :

- ক. ১৫ আগস্ট, ২০২১ জাতীয় শোক দিবসে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা;
- খ. বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক প্রামাণ্য চিত্র প্রদর্শন;
- গ. ১৫ আগস্ট, ২০২১ তারিখসহ আগস্ট মাসজুড়ে সকল কর্মকর্তা-কর্মচারীর কালোব্যাজ ধারণ;
- ঘ. ১৫ আগস্ট, ২০২১ তারিখ সকাল ১০:৩০ মিনিটে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনে স্থাপিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ;
- ঙ. পুষ্পস্তবক অর্পণ শেষে মোনাজাত;
- চ. ১৫ আগস্ট, ২০২১ তারিখ সকাল ১১:৩০ মিনিটে ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ;
- ছ. “স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদাত বার্ষিকী উপলক্ষ্যে ১৫ আগস্ট ২০২১ তারিখ রাত ৮.০০ মিনিটে ভার্চুয়াল আলোচনা সভা”।

২.০ স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদাত বার্ষিকী উপলক্ষ্যে ১৫ আগস্ট, ২০২১ তারিখ সকাল ১০:৩০ মিনিটে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনে স্থাপিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণের সময় স্বশরীরে ও আলোচনা সভায় ভার্চুয়ালি বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মাননীয় চেয়ারম্যান ও বিজ্ঞ সদস্যবৃন্দ উপস্থিত থাকবেন। ভার্চুয়াল সভার id : 3377806594, passcode : 1234 ।

শবনম

১২-৮-২০২১

জামিলা শবনম

সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১)

ফোন: ৫৫০০৬৬৩৭

ইমেইল:

ddadmin01@bpsc.gov.bd

নম্বর: ৮০.০০.০০০০.৪০১.৩৬.০২৮.২১.১৯৯/১(২০)

তারিখ: ২৮ শ্রাবণ ১৪২৮

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১) বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের বিজ্ঞ সদস্যবৃন্দ
- ২) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিবের দপ্তর, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন
- ৩) মাননীয় চেয়ারম্যান ঐর একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য) বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়
- ৪) সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় (ওয়েবসাইটে প্রকাশ ও ভারুয়াল সভাসহ কারিগরি ব্যবস্থাপনার অনুরোধসহ)
- ৫) সচিবের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য) বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়
- ৬) সকল কর্মকর্তা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন
- ৭) সকল কর্মচারী, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন

শবনম

১২-৮-২০২১

জামিলা শবনম

সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১)